



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার(লেভেল ৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা- ১০০০।
www.pallisanchaybank.gov.bd

নং-পসব্য/প্রকা/প্রশা-০৯ /২০১৭-১৮/৭৫৩

সেপ্টেম্বর ২১, ২০১৭

অফিস আদেশ-০২/২০১৭

বিষয়ঃ- পল্লী সঞ্চয় ব্যাংকের ইনোভেশন টিম গঠন

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বাজেট অধিশাখার ২৭-০৮-২০১৭ তারিখের ৫৩.০০.০০০০.২১২.৩২.০০১.১৭/১২৭ নং স্মারকের মাধ্যমে পল্লী সঞ্চয় ব্যাংক-কে ইনোভেশন কার্যক্রমের সংগে সম্পৃক্ত করা হয়েছে। উক্ত স্মারকের নির্দেশনাক্রমে পল্লী সঞ্চয় ব্যাংকে নিম্নোক্তভাবে একটি ইনোভেশন টিম গঠন করা হ'লঃ-

ক্রমিক	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল	ইনোভেশন টিমে অবস্থান	দাপ্তরিক যোগাযোগ	
০১	মোঃ ইসমাইল মিয়া সহকারী মহাব্যবস্থাপক প্রধান কার্যালয়	ইনোভেশন অফিসার	ফোন	02-9362739
			মোবাইল	01819469260
			ই-মেইল	ismailsadman@gmail.com
০২	আহসান তারিক সহকারী মহাব্যবস্থাপক প্রধান কার্যালয়	সদস্য	ফোন	02-9362739
			মোবাইল	01711005833
			ই-মেইল	ahsantarique@gmail.com
০৩	এস এম আকমল হোসেন মুখ্য কর্মকর্তা প্রধান কার্যালয়	সদস্য সচিব	ফোন	02-9362739
			মোবাইল	01938878953
			ই-মেইল	raju_akmal@yahoo.com

০২। ইনোভেশন টিমের কার্য পরিধিঃ-

- উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ, উদ্যোগ গ্রহণের সুযোগ সৃষ্টি;
- দক্ষতা উন্নয়ন এবং ব্যাংকের সেবা প্রক্রিয়া সহজীকরণ ও দাপ্তরিক অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;
- ইনোভেশন কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রনয়ণ এবং বছরের শুরুতে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;
- মাঠ পর্যায়ের শাখা সমূহের ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন;
- কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা আহবান, যাচাই ও বাছাই সংক্রান্ত কার্যক্রম;
- প্রতি মাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- প্রতি বছর ৩১শে জানুয়ারীর মধ্যে পূর্ববর্তী বছরের বার্ষিক প্রতিবেদন প্রনয়নের ব্যবস্থা গ্রহণ;
- উক্ত প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ ও নিজস্ব ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ;

(মোঃ খাইরুল কবির)

উপব্যবস্থাপনা পরিচালক

headoffice@pallisanchaybank.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'লঃ

- (১) জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
- (২) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা।
- (৩) নথী